১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.০৩.৪৮০০.০৬১.০৫.০২৯.১৬-১৮৪০ তারিখ : ২১-০৫-২০২৪খ্রিঃ।

বিষয় ঃ Annual Performance Agreement (APA) প্রেরণ প্রসঙ্গে।

সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয়ের প্রতি মহোদয়ের সদয় দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা ও প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর মধ্যে সম্পাদিত একটি Annual Performance Agreement (APA) প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত ২০২৪-২৫ অর্থ বছরের APA টি আপনার তরফ হতে পরবর্তি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরন করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে ১সেট

২১.০৫.২৪

(প্রকৌঃ মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৬.০৩.৪৮০০.০৬১.০৫.০২৯.১৬-১৮৪০/১(৩) তারিখ : ২১-০৫-২০২৪খ্রিঃ।
সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হ'লঃ
১। প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বাংলাদেশ সরকার,ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা সার্কেল, ঢাকা।
৩। প্রোগ্রামার, এমআইএস ইউনিট, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, পরিকল্পনা সার্কেল, ঢাকা।

২১.০৫.২৪

(প্রকৌঃ মাহবুবুর রহমান)
নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কিশোরগঞ্জ জেলা, কিশোরগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই ২০২৪ - ৩০ জুন ২০২৫

সূচিপত্র

বিষয়	পৃষ্ঠা নং
কর্মসম্পাদনের সার্বিক চিত্র	৩
প্রস্তাবনা	৪
সেকশন ১: রূপকল্প,অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি	৫
সেকশন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব	৬
সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা	৭
সংযোজনী ১: শব্দসংক্ষেপ	১০
সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক	১১
সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ	১২
সংযোজনী ৪: জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৩
সংযোজনী ৫: ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৫
সংযোজনী ৬: অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৪
সংযোজনী ৭: সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৬
সংযোজনী ৮: তথ্য অধিকার বিষয়ে বার্ষিক কর্মপরিকল্পনা, ২০২৪-২০২৫	১৮

কর্মসম্পাদনের সার্বিক চিত্র
(Overview of the Performance)

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

সাম্প্রতিক বছর সমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই), স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি সংস্থা। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের কাজ বাস্তবায়নকারী অংশ হিসেবে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কিশোরগঞ্জ জেলার আওতাধীন ১৩টি উপজেলাসহ পৌর এলাকা এবং গ্রোথ সেন্টারসমূহে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাচ্ছে।জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের আওতায় বিগত ৩ (তিন) অর্থবছরে ৮৩১৫টি বিভিন্ন প্রযুক্তির পানির উৎস, ৩টি উৎপাদক নলকূপ স্থাপন,পাম্প হাউজ নির্মাণ-১টি, ১২টি পুকুর পুণ:খনন, ১২৫টি কমিউনিটি ল্যাট্রিন, ৩টি পাবলিক টয়লেট নির্মাণ, ২৬.১৫কি:মি: পাইপলাইন স্থাপন, ২টি পানি শোধনাগার নির্মাণ করা হয়েছে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:

কিশোরগঞ্জ হাওড় অঞ্চলে অবস্থিত যেখানে বার্ষিক গড় বৃষ্টিপাতের পরিমাণ বাংলাদেশের গড়বৃষ্টিপাতের এ চেয়ে কম। এছাড়াও ভূ-গর্ভস্থ পানির উপর মাত্রাতিরিক্ত নির্ভরতার কারণে পানির স্থিতিতলের (Water Table) ক্রমনিম্নমুখিতা, ভূ-গর্ভস্থ সুপেয় পানির জলাধার (Aquifer) এর দুষ্প্রাপ্যতা এ অঞ্চলে সুপেয় পানি প্রাপ্তির প্রধান অন্তরায়। ফলে প্রচলিত হস্তচালিত নলকূপের মাধ্যমে নিরাপদ পানির সংস্থান করা সম্ভব হয় না। উক্ত অঞ্চলে লাগসই ও টেকসই প্রযুক্তির উদ্ভাবন করা বিশেষ প্রয়োজন। বিশেষ করে হাওড় অঞ্চলে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নে দ্রুত স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা হাতে নেওয়া প্রয়োজন।

দেশের অন্যান্য স্থানের মতো কিশোরগঞ্জ জেলাতেও পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার প্রধান চ্যালেঞ্জ হল অর্জিত অগ্রগতির স্থায়ীত্ব ও কার্যকারিতা বৃদ্ধিকরণ। এই চ্যালেঞ্জ উত্তরণের জন্য প্রয়োজন পানি সরবরাহ ও স্যানিটেশন খাতকে পৃথক সেক্টর হিসেবে স্বীকৃতি ও বিশেষ অগ্রাধিকার প্রদানপূর্বক পৃথক বাজেট বরাদ্দকরন। অধিদপ্তরের অন্যান্য স্থানের মতো কিশোরগঞ্জ জেলা দপ্তরের ব্যাপক জনবল সংকট উন্নয়ন কর্মকান্ড বাস্তবায়নে বড় একটি চ্যালেঞ্জ। এছাড়াও সামগ্রিক কাজের মনিটরিংওমূল্যায়নের জন্য প্রয়োজন সর্বজনীন কভারেজ সংজ্ঞায়িতকরণ তথ্য সংগ্রহ ও সংরক্ষন ব্যবস্থা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা তার আওতাধীন এলাকার পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নতির পাশাপাশি টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (Sustainable Development Goal) অর্জনের জন্য স্বল্পমেয়াদী, মধ্যমেয়াদী এবং দীর্ঘমেয়াদী বিভিন্ন ভবিষ্যৎ পরিকল্পনা হাতে নিয়েছে। যেমন প্রতি ৫০ জনের জন্য একটি নিরাপদ পানির উৎস স্থাপন করা, ভূ-গর্ভস্থ পানির উপর নির্ভরতা কমিয়ে ভূ-পৃষ্ঠস্থ পানির ব্যবহার বৃদ্ধিকরণের নিমিত্তে পুকুর পুনঃখনন, খনন ও সংস্কারের মাধ্যমে নিরাপদ পানির ব্যবস্থা করা; পৌরসভাসমূহের পানি সরবরাহ ব্যবস্থার উন্নতিসাধন করা, ইউনিয়ন পর্যায়ে পাইপড় ওয়াটার সাপ্লাই সিস্টেম স্থাপন, স্বাস্থ্যসম্মত উন্নত মানের স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে জেলার স্যানিটেশন কভারেজ বৃদ্ধিকরণ এবং নিরাপদ সুপেয় পানি সরবরাহের কভারেজ শতভাগে উন্নীতকরণ।

২০২৪-২০২৫ অর্থ বছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ

- পল্লী এলাকায় বিভিন্ন ধরনের পানির উৎস স্থাপন_ ২৩০০টি
- পৌর এলাকায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ- ২ কিঃমিঃ
- পল্লী/পৌর এলাকায় ইম্প্রুভ/ স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ- ১৫০টি
- স্থাপিত নলকূপ সমূহের পানি পরীক্ষাকরণ-২১৫০টি

প্রস্তাবনা

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমেরূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ জেলা

এবং

প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা

এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ৩০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন: